

# ঢাবি অধিভুক্ত সাত কলেজ: বুধবার শিক্ষার্থীদের সঙ্গে বৈঠক

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০১:৫৮, ৮ জানুয়ারি ২০২৫



সাত কলেজ

ঢাবি অধিভুক্ত সরকারি সাত কলেজের জন্য স্বতন্ত্র প্রাতিষ্ঠানিক কাঠামোর রূপরেখা তৈরি করতে উচ্চপর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে সরকার। কমিটিকে চার মাসের মধ্যে সাত কলেজের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি বাতিল করে কলেজগুলোর স্বতন্ত্র সত্তা বজায় রেখে বিশ্ববিদ্যালয়ের সমকক্ষ প্রাতিষ্ঠানিক একটি কাঠামোতে দাঁড় করাতে বলা হয়েছে।

বুধবার (৮ জানুয়ারি) বিশেষজ্ঞ কমিটির সদস্যদের সঙ্গে ছাত্র প্রতিনিধিদের পরামর্শ সভা করা সিদ্ধান্ত জানানো হয়েছে। মঙ্গলবার (৭ জানুয়ারি) ইউজিসির উপ-পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ) ও সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিব মো. জামাল উদ্দিনের সভাপতিত্বে একটি চিঠিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

এতে বলা হয়েছে, অধিভুক্ত সাত কলেজকে ঢাবি থেকে পৃথকীকরণ (আলাদা করতে) এবং কলেজগুলোর জন্য বিশ্ববিদ্যালয়ের সমকক্ষ একটি স্বতন্ত্র প্রাতিষ্ঠানিক কাঠামোর রূপরেখা

প্রণয়নের করার জন্য পরামর্শ সভা হবে। বুধবার কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে বাংলাদেশ রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্কের (বিডিআরইএন) কনফারেন্স রুমে দুপুর ১টা শিক্ষার্থীদের সঙ্গে একটি পরামর্শ সভা অনুষ্ঠিত হবে।

---

 Tourism guides

---

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের কমিটির কমিশনের সদস্য, সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা এবং মিরপুর সরকারি বাঙলা কলেজের অধ্যক্ষ মনোনীত বিভিন্ন বর্ষের ও অনুষদের ন্যূনতম ১০-২ জন ছাত্র প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্যও বলা হয়েছে। এর আগে, গত ডিসেম্বরে চার সদস্যের এই উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করে সরকার। এতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যানকে কমিটির প্রধান করা হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও ইউজিসি সদস্য অধ্যাপক ড. তানজিমউদ্দিন খান। গঠিত এ কমিটি আগামী চার মাসের মধ্যে নির্ধারিত কাজ শেষ করবে বলে জানানো হয়েছে।

প্রসঙ্গ, শনিবার (৪ জানুয়ারি) ঢাকা কলেজে এক সংবাদ সম্মেলনে এক মাসের মধ্যে সাত কলেজের সমন্বয়ে একটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রজ্ঞাপন জারি করে তার অধীনে ২০২৪-২৫ সেশনের ভর্তি পরীক্ষা নেওয়ার দাবি করেছেন সাত কলেজের আন্দোলনরত শিক্ষার্থীরা।

---